**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-06-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনস্বাস্থ্য, পরিবেশগত স্থায়িত্ব এবং সামগ্রিক মানবিক মর্যাদার ক্ষেত্রে পরিচ্ছন্নতা অপরিহার্য।**

**(২) খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, রাজ্য সরকার গণবন্টন ব্যবস্থাকে আধুনিকীকরণের লক্ষ্যে আন্তরিকভাবে কাজ করছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সরকার গত ১২ বছরে দেশের লক্ষ লক্ষ নাগরিকের জীবনকে নিরাপদ ও মর্যাদাপূর্ণ করে তুলেছে।**

**(৪) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল দ্বিতীয় দফায় মোট ৬৫ জন বিশিষ্ট ব্যক্তিকে পদ্মবিভূষণ, পদ্মভূষণ ও পদ্মশ্রী পুরস্কার প্রদান করবেন।**

**(৫) দ্বিতীয় ম্যাচ জিতে নকআউট নিশ্চিত করার লক্ষ্যে আজ মাঠে নামছে আর্জেন্টিনা।**

*****************************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনস্বাস্থ্য, পরিবেশগত স্থায়িত্ব এবং সামগ্রিক মানবিক মর্যাদার ক্ষেত্রে পরিচ্ছন্নতা অপরিহার্য। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০২৬–এর অন্তর্গত বিভিন্ন নির্বাচিত জনপ্রতিনিধি ও সামাজিক সংগঠন এবং ক্লাবগুলির ভূমিকা শীর্ষক একদিনের কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, সমাজে স্বচ্ছতার প্রকৃত বাস্তবায়নের জন্য প্রত্যেক নাগরিককে সচেতন হতে হবে। এটি রোগব্যাধির বিস্তার রোধ

করে, স্বাস্থ্যসেবা সংক্রান্ত ব্যয় কমিয়ে অর্থনৈতিক উৎপাদনশীলতা বৃদ্ধি করে এবং উন্নত জীবনযাত্রার মান নিশ্চিত করতে সহায়তা করে। মুখ্যমন্ত্রী আরো বলেন, রাজ্য সরকার আধুনিক ও বৈজ্ঞানিক বর্জ্য ব্যবস্থাপনাকে অগ্রাধিকার দিয়েছে এবং এক্ষেত্রে বর্জ্য পৃথকীকরণ, প্লাস্টিক দূষণ হ্রাস ও শহরাঞ্চলের পরিচ্ছন্নতার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে। তিনি নাগরিকদের পরিচ্ছন্নতাকে অগ্রাধিকার দিতে এবং একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের ব্যবহার কমাতে আহ্বান জানান। তিনি বলেন, সারা বছর পরিচ্ছন্নতা বজায় রাখার ক্ষেত্রে পরিচ্ছন্নতা ও স্যানিটেশন কর্মীরা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তিনি বলেন শহরকে পরিচ্ছন্ন ও নান্দনিকভাবে সুন্দর রাখার ক্ষেত্রে স্যানিটেশন কর্মীদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বক্তব্য রাখেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, নগরন্নয়ন দপ্তরের সচিব মিলিন্দ রামটেকে প্রমুখ।

****************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ গোমতী জেলার বিভিন্ন শিক্ষা ও শিশু কল্যাণমূলক প্রতিষ্ঠানগুলি পরিদর্শন করেন। কাঁকড়াবন ব্লকের আমতলীর আলোর দিশারী শিশু নিকেতন ও মাতাবাড়ি ব্লকে খিলপাড়ায় বালক শিশু নিকেতনের শিশুদের সঙ্গে মত বিনিময় করেন। শিশুদের আগামী দিনের ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কেও তিনি খোঁজ খবর নেন। রাজ্যপাল আমতলী আলোর দিশারী শিশু নিকেতনে একটি স্মার্ট ক্লাস কক্ষের জন্য পঞ্চাশ হাজার টাকা আর্থিক অনুদান দেওয়ার করা ঘোষণা করেন। তিনি টেপানিয়া ব্লকের পি এম শ্রী টেপানিয়া কলোনি হাইস্কুলে বৃক্ষরোপন কর্মসূচিতে অংশ নেন।

*****************************

**Kharchi Puja :**

আগামী ২২শে জুলাই থেকে খয়েরপুরের চতুর্দশ দেবতা মন্দিরে ঐতিহ্যবাহী খার্চি পূজা শুরু হবে। খার্চি পূজা ও মেলার প্রস্তুতি নিয়ে আজ পশ্চিম জেলার জেলা শাসকের কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। পৌরহিত্য করেন বিধায়ক রতন চক্রবর্তী। বৈঠকে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীলও উপস্থিত ছিলেন।

*****************************

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ আগামীকাল নয়াদিল্লিতে ন্যাশনাল এগ্রিকালচারাল কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন অফ ইন্ডিয়া বা নাফেডের নিলাম পোর্টাল চালু করবেন। নিলাম প্রক্রিয়ায় স্বচ্ছতা, কার্যকারিতা এবং পরিচালনগত সুবিধা জোরদার করার লক্ষ্যে এই পোর্টালটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী নাফেডের বেশ কিছু গুরুত্বপূর্ণ ডিজিটাল এবং কৃষক-কেন্দ্রিক উদ্যোগেরও উদ্বোধন করবেন।

এগুলোর মধ্যে রয়েছে কৃষকদের সন্তানদের জন্য নাফেড-কল্যাণ বৃত্তি, ডাল ও তৈলবীজের মজুত ব্যবস্থাপনার জন্য দৃষ্টি পোর্টাল এবং শিল্পোদ্যোগ পরিকল্পনা শক্তিশালী করার জন্য এন্টারপ্রাইজ রিসোর্স প্ল্যানিং পোর্টাল।

***************************

**Review Meeting :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, রাজ্য সরকার গণবন্টন ব্যবস্থাকে শক্তিশালী ও আধুনিকীকরণের লক্ষ্যে আন্তরিকভাবে কাজ করছে। আজ সচিবালয়ে খাদ্য দপ্তরের এক পর্যালোচনা বৈঠকে তিনি একথা বলেন। বৈঠকে গণবন্টন ব্যবস্থাকে আরও শক্তিশালী, স্বচ্ছ এবং জনকেন্দ্রিক করে তোলার উপর গুরুত্বরোপ করা হয়। খাদ্যমন্ত্রী নিত্য প্রয়োজনীয় পণ্যের পর্যাপ্ত মজুত রাখতে এবং সরবরাহ ব্যবস্থা সুসংহত করতে সক্রিয় পদক্ষেপ গ্রহণের জন্য অধিকারিকদের নির্দেশ দেন।

*****************************

**ARDD Minister :**

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, রাজ্যে প্রাণীসম্পদের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে এবং ২০২৫-২৬ অর্থবছরে সাফল্যের হার দাঁড়িয়েছে ৯৮ শতাংশ। আজ আগরতলায় দপ্তরের প্রধান কার্যালয়ে ২০২৬-২৭ অর্থবছরের রাজ্যভিত্তিক পর্যালোচনা বৈঠকে তিনি একথা জানান। তিনি জানান, গত কয়েক বছরে রাজ্যে মৎস্য উৎপাদন ধারাবাহিক ভাবে বৃদ্ধি পেয়েছে। তবে চাহিদা বৃদ্ধির কারণে এখনও সম্পূর্ণ যোগান সম্ভব হচ্ছে না। এই সাফল্যের পেছনে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার বড় ভূমিকা রয়েছে বলে তিনি উল্লেখ করেন।

*************************

**Khet Bachao Abhiyan-South :**

ক্ষেত বাঁচাও অভিযানের অঙ্গ হিসাবে আজ দক্ষিন জেলার ভারত চন্দ্র নগর ব্লকের চিত্তামারা কৃষি সেক্টর অফিস ও পশ্চিম পাইখোলা পঞ্চায়েত হলে কৃষকদের নিয়ে সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় দক্ষিণ জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিষয় বিশেষজ্ঞ নেহা কুমারী মন্ডল সুস্থায়ী কৃষি পদ্ধতির প্রসার, মাটির স্বাস্থ্য এবং পরিবেশ-বান্ধব কৃষি প্রযুক্তি সম্পর্কে কৃষকদের সচেতন করেন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**12 years NDA Govt. :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সরকার গত ১২ বছরে জনকল্যাণমূলক প্রকল্পগুলোর মাধ্যমে দেশের লক্ষ লক্ষ নাগরিকের জীবনকে আরও সুবিধাজনক, নিরাপদ ও মর্যাদাপূর্ণ করে তুলেছে। প্রশাসনের প্রতি জনগণের আস্থা জোরদার হয়েছে।

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েলের লেখা একটি প্রবন্ধ সামাক মাধ্যমে শেয়ার করে প্রধানমন্ত্রী আজ একথা বলেন। শ্রী গোয়েলের লেখা প্রবন্ধটিতে প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকারের ১২ বছরের শাসনে সুশাসন, জনকল্যাণ এবং দরিদ্রদের জীবনে ইতিবাচক পরিবর্তনের যাত্রাপথ তুলে ধরা হয়েছে।

***************************

**Ambubachi Utsab :**

গুয়াহাটির নীলাচল পাহাড়ে অবস্থিত বিখ্যাত শক্তিপীঠ কামাখ্যা মন্দিরে আজ থেকে শুরু হচ্ছে চার দিন ব্যাপি অম্বুবাচি উৎসব। ইতিমধ্যে কামাখ্যা মন্দিরে দেশ-বিদেশের লক্ষ লক্ষ পুন্যার্থীর সমাগম হয়েছে।

রাজ্যেও অম্বুবাচি উৎসবে সামিল হচ্ছেন রাজ্যের হিন্দু ধর্মাবলম্বী মহিলারা। এ উপলক্ষে আগরতলার লক্ষ্মীনারায়ন বাড়ি, উমা মহেশ্বর কালীবাড়ি সহ বিভিন্ন মন্দিরে প্রচুর পুন্যার্থীর সমাগম হয়। মেলারও আয়োজন করা হয়।

***************************

**ESIC :**

শ্রমমন্ত্রী টিংকু রায় আজ সচিবালয়ে কর্মচারী Employees State Insurance Corporation বা ই.এস.আই.সি-র তৃতীয় আঞ্চলিক বোর্ডের বৈঠকে পৌরহিত্য করেন। তিনি শ্রমজীবী জনগনের সামাজিক সুরক্ষা ও কল্যাণমূলক কর্মসূচির উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, শ্রমিকদের অধিকার ও জীবিকার সুরক্ষা নিশ্চিত করা সরকারের অন্যতম অগ্রাধিকার। বৈঠকে ই.এস.আই.সি পরিষেবার আওতা বৃদ্ধি এবং কল্যানমূলক প্রকল্পগুলির বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**************************

**Mobile Phones :**

সোনামুড়া থানার পুলিশ হারিয়ে যাওয়া ২৩টি মোবাইল ফোন উদ্ধার করে প্রকৃত মালিকদের হাতে তুলে দিয়েছে। সিপাহীজলা জেলার অতিরিক্ত পুলিশ সুপার রাজীব সূত্রধর জানান, কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল ইকুইপমেন্ট আইডেন্টিটি রেজিস্টার বা সিইআইআর পোর্টালের সহায়তায় গত এক মাসে মোবাইলগুলো উদ্ধার করা হয়েছে।

**************************

**By-Cycle Distribution :**

আগরতলায় মহাত্মা গান্ধী মেমোরিয়্যাল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আজ ছাত্রীদের মধ্যে বাই-সাইকেল বিতরণ করা হয়। সাংসদ রাজীব ভট্টাচার্য নবম শ্রেনিতে পাঠরত ২৪ জন ছাত্রীর হাতে বাই-সাইকেল তুলে দেন।

**************************

**Padma Award :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল দ্বিতীয় দফায় মোট ৬৫ জন বিশিষ্ট ব্যক্তিকে পদ্মবিভূষণ, পদ্মভূষণ ও পদ্মশ্রী পুরস্কার প্রদান করবেন। এর আগে গত মাসে ৬৬ জন বিশিষ্ট ব্যক্তিকে পদ্ম পুরস্কার প্রদান করা

হয়ছিল। ককবরক সাহিত্য ও শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ত্রিপুরা থেকে পদ্মশ্রী পুরস্কার পাচ্ছেন নরেশ চন্দ্র দেববর্মা।

************************

**FIFA World Cup :**

২০২৬ ফুটবল বিশ্বকাপের সর্বশেষ ম্যাচে মিশর ৩-১ গোলে হারিয়েছে নিউজিল্যান্ডকে।

আলজিরিয়ার বিরুদ্ধে দুরন্ত জয়ের পর আজ ভারতীয় সময় রাত সাড়ে দশটায় গ্রুপ 'জে' তে আর্জেন্টিনা মুখোমুখি হবে অস্ট্রিয়ার। এরপর গ্রুপ 'আই' এর দুটি ম্যাচ রয়েছে। রাত আড়াইটেয় ফ্রান্স খেলবে ইরাকের বিরুদ্ধে; এবং আগামীকাল ভোর সাড়ে পাঁচটায় নরওয়ের প্রতিপক্ষ সেনেগাল।

***************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লীগ ফুটবল প্রতিযোগিতায় আজ ২টি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে প্রথম খেলায় ভারত রত্ন সংঘ ৫-০ গোলে সিমনা তমাকারী ফুটবল ক্লাবকে পরাজিত করে। পরে একই মাঠে ইকফাই ফুটবল ক্লাব ২-০ গোলে স্বামী বিবেকানন্দ ক্লাবকে হারিয়ে দেয়।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৫ ডিগ্রি সেলসিয়াস।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *